গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৪.৫৪৪ তারিখ ঃ ০৯/০৬/২০২৪ খ্রি.

**ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) ও মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল(ম্যাটস)সমূহে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি**
(সকল সরকারী ও বেসরকারী আইএইচটি এবং ম্যাটস এর জন্য প্রযোজ্য)

০১. ২০২৪ - ২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীসমূহে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজী কোর্সের বিভিন্ন অনুষদে এবং মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুলসমূহে ডিপ্লোমা ইন মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| | | |
|---|---|---|
| ০২. | *অনলাইন আবেদন শুরুর তারিখ* | *১১/০৬/২০২৪ খ্রি. (সকাল ১০:০০ টা)* |
| ০৩. | *অনলাইন আবেদন গ্রহণের শেষ তারিখ* | *০৩/০৭/২০২৪ খ্রি. (রাত ১১-৫৯ মি.)* |
| ০৪. | **ভর্তি পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ** | *০৪/০৭/২০২৪ খ্রি. (রাত ১১-৫৯ মি.)* |
| ০৫. | **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড** | **২১/০৭/২০২৪ খ্রি. হতে ২৫/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত** |
| ০৬. | **ভর্তি পরীক্ষার তারিখ** | **২৬/০৭/২০২৪ খ্রি. (সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা পর্যন্ত)** |

০৭. ভর্তির যোগ্যতাঃ প্রার্থীকে ২০২০ খ্রি. থেকে ২০২৪ খ্রি. পর্যন্ত সময়সীমার মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান সহ উত্তীর্ণ হতে হবে এবং ন্যূণতম জিপিএ ২.৫ প্রাপ্ত হতে হবে।

০৮. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে (নম্বর সমতাকরণ সনদ) ও আইডি কোড (ID Code) সংগ্রহ করতে হবে যা ছাড়া অনলাইনে ফরম পূরন করা যাবে না। এছাড়া বিভাগীয় (Departmental) প্রার্থীরা পূর্বেই পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে আইডি কোড (ID Code) সংগ্রহ করবেন।

০৯. ভর্তি পরীক্ষার ফি ৭০০/- (সাতশত) টাকা। (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে)।

১০. ভর্তি পরীক্ষার শর্তাবলী, সংক্রান্ত তথ্যাদি, অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটকের ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে। অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশনাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১১. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন, ফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

১২. প্রার্থীর দেয়া কোনো তথ্য (যা প্রতিষ্ঠান নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৩. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯/৬/২০২৪

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন ঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩৪.০০১.২৪. ৫৪৪ | তারিখ ঃ ০৯/০৬/২০২৪ খ্রি.

**ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) ও মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল(ম্যাটস)সমূহে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি**
(সকল সরকারী ও বেসরকারী আইএইচটি এবং ম্যাটস এর জন্য প্রযোজ্য)

০১. ২০২৪ - ২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজীসমূহে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজী কোর্সের বিভিন্ন অনুষদে এবং মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুলসমূহে ডিপ্লোমা ইন মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

০২. *অনলাইন আবেদন শুরুর তারিখ* — *১১/০৬/২০২৪ খ্রি. (সকাল ১০:০০ টা)*
০৩. *অনলাইন আবেদন গ্রহণের শেষ তারিখ* — *০৩/০৭/২০২৪ খ্রি. (রাত ১১-৫৯ মি.)*
০৪. **ভর্তি পরীক্ষার ফি জমা দেওয়ার শেষ তারিখ** — *০৪/০৭/২০২৪ খ্রি. (রাত ১১-৫৯ মি.)*
০৫. **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড** — **২১/০৭/২০২৪ খ্রি. হতে ২৫/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত**
০৬. **হাজিরা শীট ডাউনলোড** — **২৪/০৭/২০২৪ খ্রি. হতে ২৫/০৭/২০২৪ খ্রি.**
০৭. **ভর্তি পরীক্ষার তারিখ** — **২৬/০৭/২০২৪ খ্রি. (সকাল ১০:০০ টা হতে ১১:০০ টা পর্যন্ত)**

০৮. ভর্তির যোগ্যতাঃ প্রার্থীকে ২০২০ খ্রি. থেকে ২০২৪ খ্রি. পর্যন্ত সময়সীমার মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান সহ উত্তীর্ণ হতে হবে এবং ন্যূণতম জিপিএ ২.৫ প্রাপ্ত হতে হবে।

০৯. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে (নম্বর সমতাকরণ সনদ) ও আইডি কোড (ID Code) সংগ্রহ করতে হবে যা ছাড়া অনলাইনে ফরম পূরন করা যাবে না। এছাড়া বিভাগীয় (Departmental) প্রার্থীরা পূর্বেই পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে আইডি কোড (ID Code) সংগ্রহ করবেন।

১০. **ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে)।**
SMS করার জন্য কোড সমুহ ঃ
**ছক-০১**: পরীক্ষার কেন্দ্র (যে কোন একটি) :

| IHT | Code | MATS | Code |
|---|---|---|---|
| Dhaka IHT | 81 | Bagerhat | 91 |
| Rajshahi IHT | 82 | Kushtia | 92 |
| Bogura IHT | 83 | Noakhali | 93 |
| Chattogram IHT | 84 | Sirajgong | 94 |
| Barishal IHT | 85 | Tangail | 95 |
| Rangpur IHT | 86 | Cumilla | 96 |
| Jhenaidah IHT | 87 | Faridpur | 97 |
| Sylhet IHT | 88 | | |

| | |
|---|---|
| Freedom Fighter | FF |
| Tribal | TR |

১১. ভর্তি পরীক্ষার শর্তাবলী, সংক্রান্ত তথ্যাদি, অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd ও টেলিটকের ওয়েবসাইট http://dgme.teletalk.com.bd হতে জানা যাবে। অনলাইনে আবেদন পূরণ করার সময় নির্দেশনাবলি www.dgme.gov.bd ও www.dghs.gov.bd ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১২. **অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**
অনলাইন আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের পূর্বে নিম্নেবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে। অনলাইন আবেদনপত্র পূরণ করার জন্য টেলিটক প্রি-পেইড নাম্বার থেকে ৭০০/- (সাতশত) টাকা পরীক্ষার ফি অবশ্যই জমা দিতে হবে। ফি জমা দেয়ার পর দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চূড়ান্তভাবে গ্রহীত হবে।

ছক-২: IHT Subjects ( কোড সমূহ)

| IHT | Subjects | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA |
| Dhaka | 111 | 112 | 113 | 114 | 115 | 116 | 117 | 118 |
| Rajshahi | 121 | 122 | 123 | 124 | 125 | 126 | - | - |
| Bogura | 131 | 132 | 133 | 134 | 135 | 136 | - | - |
| Chattogram | 141 | 142 | 143 | 144 | 145 | 146 | - | - |
| Barishal | 151 | 152 | 153 | 154 | 155 | 156 | - | - |
| Rangpur | 161 | 162 | 163 | 164 | 165 | 166 | - | - |
| Jhenaidah | 171 | 172 | 173 | 174 | 175 | 176 | - | - |
| Sylhet | 181 | 182 | 183 | 184 | 185 | - | - | |
| Sirajgonj | 191 | - | - | - | 195 | - | - | - |
| Satkhira | 201 | 202 | - | - | - | - | - | - |
| Jamalpur | 211 | 212 | - | 214 | 215 | - | - | - |
| Tungipara, Gopalgonj | 221 | - | - | - | 225 | - | - | - |
| Gazipur | 231 | - | - | - | 235 | - | - | - |
| Kashiani Gopalgonj | 241 | - | - | - | 245 | - | - | - |
| Joypurhat | 251 | - | - | - | 255 | - | - | - |
| Madaripur | 261 | 262 | - | - | 265 | - | - | - |
| Manikganj | 271 | 272 | - | - | - | - | - | - |
| Munshiganj | 281 | 282 | - | - | - | - | - | - |
| Noakhali | 291 | 292 | - | - | - | - | - | - |
| Naogaon | 301 | 302 | - | - | - | - | - | - |
| Kurigram | 311 | 312 | - | - | - | - | - | - |
| Mymensingh | 321 | 322 | - | - | - | - | - | - |
| Shibchor, Madaripur | 331 | 332 | - | - | - | - | - | - |

Example: 124: IHT- Rajshahi: Dentistry , 172: IHT-Jhenaidah: Radiography etc.

ছক-৩: MATS (কোড সমূহ):

| Bagerhat | Kushtia | Noakhali | Sirajganj | Tangail | Cumilla | Faridpur | Jhenaidah | Satkhira | Tungipara |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 511 | 512 | 513 | 514 | 515 | 516 | 517 | 518 | 519 | 520 |

| Naogaon | Manikganj | Gazipur | Rajbari | Madaripur | Kazipur, Sirajganj |
|---|---|---|---|---|---|
| 521 | 522 | 523 | 524 | 525 | 526 |

ছক-৪: Division (স্ব-স্ব ডিভিশন কোড লিখতে হবে)

| Dhaka | Chattogram | Rajshahi | Khulna | Barishal | Sylhet | Rangpur | Mymensingh |
|---|---|---|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** | **8** |

**ছক- ০৫: ১৬টি ম্যাটস-এ মোট আসন সংখ্যা: ১০৩২টি**

| ম্যাটস | মেধা ভিত্তিক | বিভাগীয় আসন | পার্বত্য উপজাতি | মুক্তিযোদ্ধা | মোট আসন |
|---|---|---|---|---|---|
| Bagerhat MATS | ৬৮ | ৭৫ | ১ | ৮ | ১৫২ |
| Khustia MATS | ৪৬ | ৫০ | ১ | ৫ | ১০২ |
| Noakhali MATS | ৪৬ | ৫০ | ১ | ৫ | ১০২ |
| Sirajgang MATS | ৪৬ | ৫০ | ১ | ৫ | ১০২ |
| Tangail MATS | ৪৬ | ৫০ | ১ | ৫ | ১০২ |
| Cumilla MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |
| Faridpur MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |
| Jhenaidah MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Satkhira MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |
| Tungipara MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |
| Naogaon MATS | ২৩ | ২৫ | ১ | ৩ | ৫২ |
| Manikganj MATS | ১৪ | ১৫ | ১ | ২ | ৩২ |
| Gazipur MATS | ১৪ | ১৫ | ১ | ২ | ৩২ |
| Rajbari MATS | ১৪ | ১৫ | ১ | ২ | ৩২ |
| Madaripur MATS | ১৪ | ১৫ | ১ | ২ | ৩২ |
| Kazipur, Sirajganj MATS | ১৪ | ১৫ | ১ | ২ | ৩২ |

প্রশাসনিক বিভাগীয় (Divisional) কোটার ক্ষেত্রে প্রতিটি ম্যাটসে ১৫% আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে বিভাগীয় (Division) কোটা বা মহিলা সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে ঐ আসনগুলি পূরন করা হবে। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা একই হবে। উপজাতীয় প্রার্থীতার স্বপক্ষে গোত্র প্রধান ও জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

**ছক-০৬: ২৩টি আইএইচটিতে মোট আসন সংখ্যা: ৩৬১৯ টি**

| IHT | Subjects | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA | Freed.Fighters | Tribal | TOTAL |
| Dhaka | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৭ | ৪৭ | ২০ | ২৫ | ২৫ | ১৭ | ২ | ৩২৭ |
| Rajshahi | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৭ | ২০ | ০ | ০ | ১৪ | ২ | ২৭৭ |
| Bogura | ৬০ | ৫৩ | ৪৮ | ৫৩ | ৫৫ | ২০ | ০ | ০ | ১৬ | ২ | ৩০৭ |
| Chattogram | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৯ | ২০ | ০ | ০ | ১৪ | ২ | ২৭৭ |
| Barishal | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৯ | ২০ | ০ | ০ | ১৪ | ২ | ২৭৭ |
| Rangpur | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৯ | ২০ | ০ | ০ | ১৪ | ২ | ২৭৭ |
| Jhenaidah | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৯ | ২০ | ০ | ০ | ১৪ | ২ | ২৭৭ |
| Sylhet | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৯ | ৪৯ | ০ | ০ | ০ | ১৩ | ২ | ২৫৭ |
| Sirajganj | ৪৮ | ০ | ০ | ০ | ৪৮ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Satkhira | ৪৮ | ৪৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Jamalpur | ৪৮ | ৪৮ | ০ | ৪৮ | ৪৯ | ০ | ০ | ০ | ১১ | ২ | ২০৬ |
| Tungipara, Gopalganj | ৪৮ | ০ | ০ | ০ | ৪৮ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Gazipur | ৪৮ | ০ | ০ | ০ | ৪৮ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Kashiani Gopalganj | ৪৮ | ০ | ০ | ০ | ৪৮ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Joipurhat | ৪৮ | ০ | ০ | ০ | ৪৮ | ০ | ০ | ০ | ৬ | ১ | ১০৩ |
| Madaripur | ৪৮ | ৪৮ | ০ | ০ | ৪৯ | ০ | ০ | ০ | ৮ | ২ | ১৫৫ |
| Manikganj | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Munshiganj | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Noakhali | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Naogaon | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Kurigram | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Mymensingh | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |
| Shibchor, Madaripur | ২৪ | ২৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ১ | ৫২ |

[ বি: দ্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি পর্যায়ে অনুমোদিত বেসরকারি ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট এ ২ টি কোর্স i. ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (কার্ডিওলজি) ii. ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (কার্ডিয়াক পারফিউশন) এবং বেসরকারি বাংলাদেশ হেলথ প্রফেশন্স ইনস্টিটিউট (বিএইচপিআই) এ ২টি কোর্স i. ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (অকুপেশনাল থেরাপি) ii. ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (প্রস্থেটিক্স এন্ড অর্থোটিক্স) কোর্স সমূহে ভর্তিইচ্ছুক শিক্ষার্থীগণ সরকারি পর্যায়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম পাশ নম্বর পেয়ে উপরোক্ত প্রতিষ্ঠানে উক্ত বিষয়ে ভর্তি হতে পারবেন ]

১৩. ছবির মাপ ও অন্যান্য:

(ক) 300×300 Pixel মাপের নিজের একটি রঙ্গিন ছবি (Jpg) আপলোড দিতে হবে। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবে না। (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(খ) 300×80 Pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (Jpg) আপলোড দিতে হবে: (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশী হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরী করা ও মিলিয়ে দেখার জন্য Home page এ একটি Link দেওয়া থাকবে।

১৪. ১৩ এ বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে এ Website এ ঢুকেবেন) অথবা Pendrive এ পূর্ব থেকে সংরক্ষণ করতে হবে। ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি) লিখিত ভাবে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

১৫. ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠানের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।

**১৬. অনলাইন আবেদন করার নিয়ম:**

- আবেদনকারীগণ টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েব পোর্টাল http://dgme.teletalk.com.bd এ লগইন করবেন। লগইন করার পর অনলাইন আবেদনের বিজ্ঞপ্তি (Advertisement) ও Application Form পাওয়া যাবে।
- অনলাইন ফর্ম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত তথ্য Advertisement অংশে পাওয়া যাবে। আবেদনকারীকে ভালোভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী শর্তকর্তার সাথে অনলাইন আবেদন পূরণ করতে হবে।
- Application Form অংশে ক্লিক করলে Diploma course in institute of Health Technology/Diploma Course in Medical Assistant Training School এর প্রোগ্রামটি সিলেক্ট করতে হবে এবং Next অপশনটি ক্লিক করতে হবে।
- ক্লিক করার পর কারিকুলাম পেজটি ওপেন হবে। এই পেইজে National কারিকুলাম (SSC/Equivalent) অথবা GCE (O Leve Equivalent) এর যে কোন একটি অপশন সিলেক্ট করতে হবে।
- National কারিকুলাম সিলেক্ট করার পর প্রার্থীর Examination Board সিলেক্ট করতে হবে। Roll Number/Registration Number লিখতে হবে এবং সিলেক্ট করে অপশন ক্লিক করতে হবে। ক্লিক করার পর স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর Applicant's Name, Father's Name, Mother's Name, Date of Birth, Nationality, Gender তথ্যসমূহ উল্লেখ করা থাকবে। প্রার্থীকে বাংলায় আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, মোবাইল নম্বর, কনফার্ম মোবাইল নাম্বার, ইমেইল লিখতে হবে এবং Religion, National Id, Birth Registration, Passport Id, Marital Status, Quota সিলেক্ট করতে হবে।
- কোটার ক্ষেত্রে Child of freedom fighter, Grandchild of freedom fighter, Tribal, Not Application অপশন পাওয়া যাবে। যে কোন একটি অপশন ক্লিক করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার (সন্তান, সন্তানদের সন্তান) দাবিদার হলে এখানে Eligible for freedom Fighter Quota ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। এরপর আবেদনকারীকে Present Address ও Permanent Address পূরণ করতে হবে। বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা একই হলে স্থায়ী ঠিকানা পূরণের ক্ষেত্রে Same as Present address অপশন ক্লিক করতে হবে।
- সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারণ প্রার্থীর ন্যায় একই শিক্ষা যোগ্যতা থাকতে হবে এবং একই সংগে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বিভাগীয় প্রার্থীর বয়স ০১/০৭/২০২৪ খ্রি. তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী (Departmental) বলে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগে এবং সুর্নিদিষ্ট পদে কমপক্ষে ০৩ (তিন) বৎসর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে ০৫(পাঁচ) বৎসর চাকুরী করেছেন।
  স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু শেখ মুজিবর মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল, বারডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, মাতুয়াইল ঢাকা এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব স্ব বিষয়ে চাকরীরত আছেন (যেমন-ডেন্টাল এটেনডেন্ট- ডেন্টাল কোর্স, ল্যাবরেটরী এটেনডেন্ট- ল্যাবরেটরী কোর্স ডার্করুম এ্যাসিসটেন্ট- রেডিওগ্রাফী কোর্স, কমপাউন্ডার- ফার্মেসী কোর্স ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।
- ডিপার্টমেন্টাল প্রার্থীরা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন অগ্রবর্তী করে এসএসসি/সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র, এসএসসি/সমমানের পরীক্ষা সত্যায়িত নম্বর পত্র, স্থায়ী ঠিকানা উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন সত্যায়িত ছবি সহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের (স্বাস্থ্য অধিদপ্তরের পুরাতন ভবনের ২য় তলা) মেডিকেল এডুকেশন শাখায় জমা দিয়ে আই ডি (ID) ২৫.০৭.২০২৪ খ্রি. তারিখের মধ্যে সংগ্রহ পূর্বক অনলাইনে আবেদন করতে পারবেন। আই ডি (ID) ছাড়া Departmental প্রার্থীরা আবেদন করতে পারবেন না।
- প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা-১৫, ইংরেজী-১৫, গণিত-১৫, পদার্থ-১৫, রসায়ন-১৫, জীববিজ্ঞান-১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ)-১০ অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। আইএইচটি এবং ম্যাটস উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA সহিত ২০ গুন যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি (GPA×20) + লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।
- এই পেইজে এর পর নিচে স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীর SSC/ Equivalent Level এর তথ্য দেখা যাবে। এগারো (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালিন সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে ও পরীক্ষার কেন্দ্রের নাম এর মাধ্যমে আসবে।

১৭. এরপর প্রার্থীকে Institute ও Subject চয়েজ অংশটি পূরণ করতে হবে। পেইজের এই অংশে বামদিকে IHT with Subject, MATS সমূহের নাম রয়েছে। প্রার্থী তার পছন্দ ক্রমানুশারে এক এক প্রতিষ্ঠান সিলেক্ট করবেন। এক্ষেত্রে, সকল প্রতিষ্ঠান সিলেক্ট করা বাধ্যতামূলক।
এরপর ওয়েব সাইটে যে পেইজটি আসবে তার নিচের দিকে প্রথম Choose File অপশন ক্লিক করে পূর্ব থেকে তৈরি করে রাখা আবেদনকারীর ফর্মে কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে। একই ভাবে দ্বিতীয় Choose File অপশনে ক্লিক করে পূর্ব থেকে তৈরি করে রাখা আবেদনকারীর স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেইড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে। এরপর Declaration বাটনে ক্লিক করে Submit এ ক্লিক করতে হবে।

১৮. Submit এ ক্লিক করার পর Application Copy আসবে যাতে ইউজার আইডি থাকবে। এই ইউজার আইডি দিয়ে টেলিটক প্রেপেইড সিমের মাধ্যেমে ৭০০ (সাতশত) টাকা জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর একটি পাসওয়ার্ড আসবে।

১৯. উপরোক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করে রাখতে হবে। পরবর্তিতে এডমিট কার্ড ডাউনলোডের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রয়োজন হবে।

২০. ফি জমা দেওয়ার পদ্ধতি:

(ক) টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে IHTM লিখে, স্পেস দিয়ে User Id লিখে 16222 নম্বরে এসএমএস প্রেরণ করতে হবে।

**উদাহরণ:** IHTM<Space> FRLGCT টাইপ করে Send করুন 16222 নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User Id ফিরতি এসএমএস এ একটি পাসওয়ার্ড, প্রার্থীর নাম এবং পরীক্ষার ফি হিসেবে ৭০০ (সাতশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেওয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে এসএমএস পাঠাতে হবে।

২১. ২১/০৭/২০২৪ খ্রি. হতে ২৫/০৭/২০২৪ খ্রি. পর্যন্ত প্রার্থী উক্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে তার প্রবেশপত্র ডাউনলোড করার রঙিন প্রিন্ট করে নিবেন।

২২. ডাউনলোড করা প্রবেশপত্র পরীক্ষার হলে অবশ্যই নিয়ে আসতে হবে।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন ঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

**অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে ঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।

৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।

৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক (প্রশাসন)।

৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭. অতিরিক্ত মহাপরিচালক, (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট- এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১০. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি, ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ, সিলেট, শহীদ এম মনসুর আলী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি- সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব মেডিকেল হেলথ টেকনোলজি-জামালপুর, টুঙ্গিপাড়া-গোপালগঞ্জ, গাজীপুর, কাশিয়ানী-গোপালগঞ্জ, জয়পুরহাট, মাদারীপুর, শ্রীনগর মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, নাগেশ্বরী কুড়িগ্রাম, কবিরহাট নোয়াখালী, ধামইরহাট নওগাঁ, ময়মনসিংহ ও শিবচর মাদারীপুর।

১১. অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল, বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ, সাতক্ষীরা, টুঙ্গিপাড়া-গোপালগঞ্জ, নওগাঁ, গাজীপুর, পাংশা রাজবাড়ী, কবিরাজপুর রাজৈর মাদারীপুর, মানিকগঞ্জ ও কাজিপুর সিরাজগঞ্জ।

১২. সহকারী পরিচালক (সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরনী(৮৬-বিজয় নগর), ঢাকা।

১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।

১৫. অফিস কপি।